

Prime Minister Narendra Modi and Prime Minister of Mauritius Mr. Pravind Jugnauth jointly inaugurate the new Supreme Court Building

July 30, 2020

মরিশাসের সর্বোচ্চ আদালতের নতুন ভবনটি মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রভিন্দ জগন্নাথ যৌথভাবে উদ্বোধন করেছেন

জুলাই 30, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্রে মোদী এবং মরিশাসের প্রধানমন্ত্রী শ্রী প্রভিন্দ জগন্নাথ আজ যৌথভাবে এক ভিডিও সম্মেলনের মাধ্যমে মরিশাসের সুপ্রিম কোর্টের নতুন ভবনটির উদ্বোধন করেছেন। ভারতের অনুদান সাহায্যে এই ভবনটি নির্মিত হয়েছে এবং কোভিডের পর এইটি রাজধানী শহর পোর্ট লুইসে ভারতের সহায়তায় নির্মিত প্রথম পরিকাঠামো প্রকল্প। এই উল্লেখযোগ্য প্রকল্পটি ভারত সরকারের 28.12 মিলিয়ন মার্কিন ডলারের আর্থিক অনুদান সহযোগিতার দ্বারা নির্মিত হয়েছে।

এই উপলক্ষে বক্তব্য রাখতে গিয়ে, প্রধানমন্ত্রী বিকাশের সহযোগিতার ভারতের অন্তর্নিহিত দর্শন হিসেবে মানব-কেন্দ্রিক দৃষ্টিকোণের কথা উল্লেখ করেছেন এবং ভারত এবং মরিশাসের মধ্যে ঘনিষ্ঠ সম্বন্ধকে আরও শক্তিশালী করার জন্য জন-উন্মুক্ত পরিকাঠামো প্রকল্পের ভূমিকার কথাও উল্লেখ করেছেন। প্রধানমন্ত্রী বলেছেন যে, আধুনিক নকশা এবং অত্যাধুনিক সুবিধাদ্বারা সজ্জিত নতুন সুপ্রিমকোর্ট ভবন ন্যায়পালিকার জন্য একটি উপযুক্ত স্থান হবে এবং সহযোগিতার সাথে সাথে ভারত ও মরিশাসের বন্ধিত মূল্যের প্রতীক হবে। তিনি এও বলেছেন যে, প্রকল্পটি সময়মত এবং প্রাথমিক অনুমানের থেকে কম খরচে সম্পন্ন হয়েছে।

প্রধানমন্ত্রী মোদী বলেছেন যে, মরিশাসের সাথে বিকাশ সহযোগিতা ভারতের বিকাশের অংশীদারিত্বের কেন্দ্র স্থলে রয়েছে। তিনি জোরের সাথে বলেছেন যে, ভারতের বিকাশ সহযোগিতা কোন শর্ত দ্বারা প্রভাবিত নয়, বা কোনপ্রকারের রাজনৈতিক বা বাণিজ্যিক বিষয় দ্বারাও প্রভাবিত নয়। বিকাশে সহযোগিতার জন্য ভারতের মুখ্য সিদ্ধান্ত আমাদের সহযোগীদের প্রতি সম্মান জ্ঞাপন এবং বিকাশের অধ্যায়গুলির এই অংশীদারিত্ব আমাদের একমাত্র প্রেরণা। তিনি ভারতের এই বিকাশ সহযোগিতাকে ‘সম্মান’, ‘বিবিধতা’, ‘ ভবিষ্যতের জন্য চিন্তা’, এবং ‘সতত বিকাশ’-এর প্রমুখ মূল্য রূপে বিশিষ্টতা প্রদান করার উপরে জোর দিয়েছেন।

ভারত মরিশাসে জনগণের সাফল্য অর্জনের জন্য গর্ব বোধ করে সেইসাথে আগামী বছরগুলিতে দুই দেশের সম্পর্কও এক নতুন উচ্চতায় পৌঁছাবে বলে প্রধানমন্ত্রী মোদী তার আস্থা প্রকাশ করেছেন।

মরিশাসের প্রধানমন্ত্রী জুগন্নাথ এই প্রকল্পের জন্য ভারতের থেকে প্রাপ্ত সহযোগিতার জন্য আন্তরিক অভিনন্দন জানিয়েছেন, এবং বলেছেন যে এটি দুই দেশের মধ্যে বন্ধুত্ব এবং সহযোগিতার সম্পর্ককে প্রতিফলিত করে। তিনি উল্লেখ করেছেন যে, ভারতের সহযোগিতায় সুপ্রিমকোর্ট ভবনের নির্মাণ

মরিশাসের পরিকাঠামোর আধুনিকী করণের এক নতুন মাইল ফলক এবং মরিশাসের বিচার ব্যবস্থাকে আরো কার্যকরি, সুগম এবং অন্তর্ভুক্ত করতে সাহায্য করবে।

ভারতের ‘সাগর’- এই অঞ্চলের সকলের জন্য সুরক্ষা এবং বিকাশ,-এর দৃষ্টিকোণের অনুরূপ , নতুন সুপ্রিম কোর্ট ভবন ভারত মহাসাগর অঞ্চলে মরিশাসের এক বিশ্বস্ত অংশীদার রূপে ভারতের ভূমিকা প্রদর্শন করে এবং তার সাথে দুই দেশের মধ্যে ভবিষ্যত-উন্মুক্ত অংশীদারীকে শক্তিশালী করার জন্য ভারতের দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধতার উপরেও রেখাপাত করে।

নিউ দিল্লি

জুলাই 30,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.

